



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.nmst.gov.bd



নং-৩৯.০৩.০০০০.০০৯.১১.০০১.২৩-৩২২৭

তারিখঃ ০৫/০৫/২০২৪খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্বখাতের আওতায় নিয়োজিত শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	পদ সংখ্যা	বয়সসীমা	বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন না
১.	অফিস সহায়ক	১	১৮-৩০	৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সূঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।	রাজবাড়ী, ফরিদপুর, গাজীপুর, টাঙ্গাইল, শেরপুর, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, জয়পুরহাট, দিনাজপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, খুলনা, কুষ্টিয়া, যশোর, বরিশাল ও পটুয়াখালী। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২.	গ্যালারী গার্ড	১	১৮-৩০	৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সূঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।	রাজবাড়ী, ফরিদপুর, গাজীপুর, টাঙ্গাইল, শেরপুর, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, জয়পুরহাট, দিনাজপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, খুলনা, কুষ্টিয়া, যশোর, বরিশাল ও পটুয়াখালী। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

আবেদনের শর্তাবলীঃ

- আবেদনপত্র গ্রহণের শেষ তারিখঃ ২০/০৫/২০২৪খ্রিঃ
- আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ২০/০৫/২০২৪খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোন ভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা এ অফিসের Website: www.nmst.gov.bd থেকে বা জনপ্রশাসন মন্ত্রণালয়ের Website: www.mopa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে বা অফিসের নোটিস বোর্ডে পাওয়া যাবে।
- আবেদন পত্রের খামের উপরের ডানপাশে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেট সংযুক্ত ৯.৫ ইঞ্চি x ৪ ইঞ্চি পরিমাপের একটি ফেরত খাম দিতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ২০/০৫/২০২৪খ্রিঃ তারিখে ১৮-৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রার্থীদের বয়স ৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের বেলায় এফিডেবিট গ্রহণযোগ্য নহে। মহিলা ও অন্যান্য কোটার ক্ষেত্রে প্রচলিত সরকারি নীতিমালা/বিধিবিধান প্রযোজ্য হবে।
- সরকারি/আধা সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্রের সাথে বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংক থেকে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা-এর অনুকূলে প্রার্থীদের ২০০/-(দুইশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। এছাড়া ৫ সে.মি. x ৫ সে.মি. আকারের ২(দুই) কপি ছবি ব্যতীত আর কোন কাগজপত্র জমা দিতে হবে না।
- মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমানপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ প্রদান করতে হবে। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ যে কোনো বা সকল আবেদনপত্র বাতিল করতে পারেন। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত।

(মোঃ ওয়াহিদুল ইসলাম)  
পরিচালক(যুগ্মসচিব)

বিতরণঃ

- সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মহোদয়ের একান্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা, (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (বিজ্ঞপ্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (বিজ্ঞপ্তি সংস্থার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- বিজ্ঞাপন ম্যানেজার, The Business post, 118-121, Tejgaon I/A, Dhaka, Bangladesh (৪ কলাম ৫ ইঞ্চি সাইজের বিজ্ঞপ্তি আগামী ২ দিনের মধ্যে পত্রিকার তেতরের পাতায় ১ (এক) দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।
- বিজ্ঞাপন ম্যানেজার, আলোকিত বাংলাদেশ, ২৭০/বি ৩য় তলা, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা। (৪ কলাম ৫ ইঞ্চি সাইজের বিজ্ঞপ্তি আগামী ২ দিনের মধ্যে পত্রিকার তেতরের পাতায় ১ (এক) দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।
- অফিস কপি।

(সুমিনুর রশীদ)  
সহকারী কিউরেটর